

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০০৪.২১. ০৯৬

তারিখ: ০২ মার্চ ২০২৩


বিষয় : ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি (ইরেসপো) ও ২য় পর্যায় প্রকল্পভুক্ত শালিখা উপজেলা, মাগুরা এর প্রকল্পের ঋণ কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি অত্যন্ত হতাশাব্যঞ্জক। সফটওয়্যার পর্যালোচনায় দেখা যায় যে, উক্ত উপজেলায় মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের পরিমাণ আশংকাজনকভাবে বৃদ্ধি পাচ্ছে। মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের বিবরণ নিম্নরূপ:

৩০/০৬/২০২২ তারিখে মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের পরিমাণ (লক্ষ টাকা)	২২/০২/২০২৩ তারিখে মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের পরিমাণ (লক্ষ টাকা)	বিগত ৮ মাসে মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ বৃদ্ধির পরিমাণ (লক্ষ টাকা)
১	২	৩ = (২-১)
৭.৯০	২১.৯২	১৪.০২

উপরিবর্ণিত মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের পরিমাণ বৃদ্ধির বিষয়টি টেলিফোনে অবহিতকরণসহ খেলাপী ঋণ হ্রাসের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য প্রকল্প দপ্তর থেকে জুম এ্যাপের মাধ্যমে ভার্সুয়াল সভায় বারংবার তাগিদ প্রদান করা হয়েছে। তদুপরি খেলাপী ঋণ হ্রাসের বিষয়ে আপনার কোনরূপ কার্যকর পদক্ষেপ পরিলক্ষিত হয় নি। উপজেলার আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে বিষয়টি আপনার দায়িত্ব পালনে অবহেলা, কর্তৃপক্ষের নির্দেশ অমান্যসহ সরকারি দায়িত্ব পালনে অনীহার শামিল হিসেবে বিবেচিত হবে।

এমতাবস্থায়, মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ আদায়ে ব্যর্থতার জন্য কেন আপনার বিরুদ্ধে দায়িত্ব ও কর্তব্য পালনে অবহেলা, কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করা, গাফেলতি, অযোগ্যতা এবং অদক্ষতার অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব আগামী ১২/০৩/২০২৩ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে কর্মসূচি পরিচালক বরাবর প্রেরণ করার জন্য বলা হলো।


মো: ইসমাইল হোসেন
যুগ্ম সচিব
পরিচালক (সরেজমিন)
বিআরডিবি, ঢাকা
ফোন : ০২৪১০১০৩২২

জনাব মো: মিজানুর রহমান,
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,
বিআরডিবি, শালিখা, মাগুরা।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. যুগ্মপরিচালক (প্রশাসন), বিআরডিবি, ঢাকা।
২. কর্মসূচি পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
৩. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৪. উপপরিচালক, বিআরডিবি, জেলা: মাগুরা।
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. অফিস নথি।